

সংবাদ বক্তৃতি

বাংলাদেশ সুইমিং ফেডারেশনের নবনিযুক্ত সভাপতি ও নৌবাহিনী প্রধানের সভাপতিত্বে কার্যনির্বাহী কমিটির ৭ম সভা অনুষ্ঠিত

বাংলাদেশ সুইমিং ফেডারেশনের নবনিযুক্ত সভাপতি ও নৌবাহিনী প্রধান এডমিরাল এম শাহীন ইকবাল এর সভাপতিত্বে বাংলাদেশ সুইমিং ফেডারেশনের কার্যনির্বাহী কমিটির ৭ম সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বনানীস্থ নৌবাহিনী সদর দপ্তরে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্যাপন উপলক্ষ্যে চলতি মাসের শেষ সপ্তাহে গোপালগঞ্জ জেলার মধুমতি নদীতে ১৭তম জাতীয় দূরপাল্লা সাঁতার প্রতিযোগিতা, ডিসেম্বরের ৩য় সপ্তাহে বিজয় দিবস ওয়াটার পোলো প্রতিযোগিতা এবং ২০২১ সালের মার্চ মাসে ৩০তম জাতীয় সাঁতার, ডাইভিং ও ওয়াটার পোলো প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।



বাংলাদেশ সুইমিং ফেডারেশনের নবনিযুক্ত সভাপতি ও নৌবাহিনী প্রধান এডমিরাল এম শাহীন ইকবাল এর সভাপতিত্বে বাংলাদেশ সুইমিং ফেডারেশনের কার্যনির্বাহী কমিটির ৭ম সভা আজ বৃহস্পতিবার (১২-১১-২০২০) বনানীস্থ নৌবাহিনী সদর দপ্তরে অনুষ্ঠিত হয়েছে। ছবিঃ আইএসপিআর।

সভায় বাংলাদেশ সুইমিং ফেডারেশনের কার্যনির্বাহী পরিষদের সিনিয়র সহ-সভাপতি গোলাম মোহাম্মদ আলমগীর, সহ-সভাপতি মোঃ রফিজ উদ্দিন, সাধারণ সম্পাদক এম বি সাইফসহ অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।